দৈনিক
আমাদের সময়

তারিখ 04 AUG 2016
পৃষ্ঠা 2 কলাম 8

# উপবৃত্তির অনিয়মে তদন্তে নেমেছে প্রাথমিক মন্ত্রণালয়

নিজস্ব প্রতিবেদক ●

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপবৃত্তির টাকা বিতরণের অনিয়ম তদন্তে ১১ সদস্যের কমিটি গঠন করা হয়েছে। এ সংক্রান্ত একটি আদেশ জারি করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। উপ-সচিব নেছার আহমদ স্বাক্ষরিত আদেশে ১১ কর্মকর্তাকে ১০ কর্মদিবসের মধ্যে সরেজমিন তদন্তের কথা উল্লেখ করা হয়েছে। দোষী ব্যক্তিদের চিহ্নিত করে প্রয়োজনীয় সুপারিশসহ প্রতিবেদন সচিবের কাছে জমা দিতে হবে।

প্রাথমিক শিক্ষার উপবৃত্তি প্রদান প্রকল্পের (তৃতীয় পর্যায়) টাকা বিতরণে সারা দেশে ব্যাপক অনিয়মের অভিযোগে এই তদন্তের সিদ্ধান্ত নেয় মন্ত্রণালয়। ২০ জেলার ২৫ উপজেলায় উপবৃত্তির টাকা বিতরণের অনিয়মের অভিযোগ রয়েছে।

কর্মকর্তাদের মধ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপ-সচিব এম রুহুল আমীনকে মাদারীপুরের কালকিনি, ফরিদপুরের নগরকান্দা ও শরীয়তপুরের ভেদরগঞ্জের অনিয়ম তদন্তের দায়িত্ব দেওয়া হয়েছে। উপ-সচিব নেছার আহমদ রংপুরের পীরগাছা ও বদরগঞ্জ, কুড়িগ্রামের রৌমারী, উপ-সচিব গোপাল চন্দ্র দাশ নারায়ণগঞ্জের রূপগঞ্জ ও সিদ্ধিরগঞ্জ, গোপালগঞ্জ সদর উপজেলার অনিয়ম তদন্ত করবেন। উপ-সচিব তানভীর আহমেদ তদন্ত করবেন সিরাজগঞ্জের বেলকুচি, সত্যকাম সেন কুমিল্লার মুরাদনগর ও নাঙ্গলকোট, ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া ও বাঞ্ছারামপুর উপজেলায়।

সিনিয়র সহকারী সচিব রেবেকা সুলতানা জামালপুরের দেওয়ানগঞ্জ ও টাঙ্গাইলের নাগরপুর, সিনিয়র সহকারী প্রধান কাজী মোখলেছুর রহমান ময়মনসিংহের ভালুকা ও ত্রিশাল, নেত্রকোনার মদন, সহকারী সচিব মো. রেজাউল করিম মেহেরপুর সদরের উপবৃত্তির টাকা বিতরণে অনিয়ম তদন্ত করবেন। এ ছাড়া সহকারী সচিব মিজানুর রহমানকে বাগেরহাটের মোরেলগঞ্জ, হিসাবরক্ষণ কর্মকর্তা মো. জাকির হোসেনকে পটুয়াখালীর বাউফল, ঝালকাঠির কাঠালিয়া, বরগুনার বেতাগী উপজেলার তদন্তের দায়িত্ব দেওয়া হয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের পরিসংখ্যান কর্মকর্তা মো. নাসির উদ্দিন খান সুনামগঞ্জের তাহিরপুর উপজেলায় অনিয়ম তদন্তের দায়িত্ব পেয়েছেন।